

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৪৫

১/ বিবিধ

আরবী

من غش العرب لم يدخل في شفاعتي، ولم تنله مودتي
موضوع

أخرجه الترمذي (4 / 376) وأحمد رقم (519) ومن طريقه العراقي في " محجة
القرب إلى محبة العرب " (8 / 2) وعبد بن حميد في " المنتخب من المسند " (8 / 1)
وأبو سعيد بن الأعرابي في " معجمه " (136 / 2) من طريق حصين بن عمر عن
مخارق بن عبد الله عن طارق بن شهاب عن عثمان بن عفان مرفوعا.
وقال الترمذي: " حديث غريب لا نعرفه إلا من حديث حصين بن عمر الأحمسي،
وليس عند أهل الحديث بذاك القوي ". قلت: بل هو كذاب عند غير واحد منهم، كما
سبق ذكره قبل هذا، وحديثه هذا معارض لما صح عنه صلى الله عليه وسلم من
قوله: " شفاعتي لأهل الكبائر من أمتي ". وهو مخرج في " الروض النضير " رقم (43)،
(65) ، و " المشكاة " (5598 و 5599)

বাংলা

৫৪৫। যে ব্যক্তি আরবদের সাথে প্রতারণা করবে, সে আমার শাফায়াতের অন্ত ভুক্ত হবে না। আর আমার
ভালবাসাও তাকে গ্রহণ করবে না।

হাদীছটি জাল।

এটি ইমাম তিরমিযী (৪/৩৭৬), ইমাম আহমাদ (নং ৫১৯) এবং তার সূত্রে হাফিয ইরাকী "মহাজ্জাতুল কুরবে ইলা

মুহাব্বাতিল আরাব" (২/৮) গ্রন্থে, আব্দ ইবনু হুমায়েদ "আল-মুস্তাখাব মিনাল মুসনাদ" (১/৮) গ্রন্থে এবং আবু সাঈদ ইবনুল আরাবী তার "মুজাম" (২/১৩৬) গ্রন্থে হুসাইন ইবনু উমার সূত্রে মুখারিক ইবনু আবদিব্লাহ হতে তিনি তারেক ইবনু শিহাব হতে ... উছমান ইবনু আফফান (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

ইমাম তিরমিযী বলেনঃ হাদীছটি গরীব। হুসাইন ইবনু উমার আল-আহমাসী ছাড়া অন্য কোন মাধ্যমে হাদীছটিকে চিনি না। আর তিনি হাদীছবিদদের নিকট শক্তিশালী নন।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি তাদের একাধিক ব্যক্তির নিকট মিথ্যুক। এ হাদীছটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত সহীহ হাদীছের সাথে সাংঘর্ষিক। তিনি বলেছেনঃ شفاعتي لأهل الكبائر من أمتي "আমার শাফা'আত আমার উম্মতের কাবীরা গুনাহকারীদের জন্য।" "আর-রাওয়ুন নায়ীর" (নং ৪৩,৬৫) গ্রন্থে এবং "মিশকাত" (৫৫৯৮,৫৫৯৯) গ্রন্থে এটির তাখরীজ করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71424>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন